

Class -IX : Bengali : Term-I (Half yearly) : 2021-22 Full Marks - 40

I. সঠিক উত্তরটি লেখো :

1 x 10 = 10

১) 'লবকুশের যজ্ঞাশ্ব বন্ধন' কাব্যংশটির কবির নাম হলো —

অ) রবীন্দ্রনাথ ঠাকুর আ) কুন্ডিবাস ওবা ই) সুকান্ত ভট্টাচার্য ঈ) কাশীরাম দাস

২) মূনিবর তপস্যা করতে গেলেন যেখানে —

অ) হিমালয়ে আ) চিত্রকুটে ই) প্রভাসে ঈ) হরিদ্বারে

৩) অশ্বমেধ যজ্ঞ আরম্ভ করেন যিনি—

অ) রামচন্দ্র আ) লক্ষ্মণ ই) ভারত ঈ) শত্রুঘ্ন

৪) 'বঙ্গমাতা' কবিতাটির উৎস গ্রন্থের নাম হলো—

অ) সোনার তরী আ) মানসী ই) চিত্রা ঈ) চৈতালি

৫) 'বঙ্গমাতা' কবিতায় কবি যাদের মানুষ হওয়ার কথা বলেছেন—

অ) জগতের সবার আ) ভারতীয়দের ই) বাঙালিদের ঈ) মারাঠিদের

৬) বাড়ি থেকে যাবার সময় হরিহর যাকে নিয়ে গেলেন—

অ) স্ত্রীকে আ) মেয়েকে ই) ছেলেকে ঈ) ভৃত্যকে।

৭) নবাবগঞ্জের সড়কে ওঠে চেয়ে দেখল যে দজন —

অ) অপু ও নীলু আ) অপু ও দুর্গা ই) অপু ও তার বাবা ঈ) অপু ও তার মা।

৮) অপূর পিতার নাম হলো —

অ) হরিহর দাস আ) হরিহর রায় ই) হরিহর চন্দ্রবর্তী ঈ) হরিদাস রায়।

৯) ঠাকুরদাস মুখার্জির স্ত্রী কতদিনের জ্বরে মারা যান —

অ) সাতদিনের আ) পাঁচদিনের ই) তিনদিনের ঈ) দশদিনের।

১০। “বামুন-মা ওই রথে চড়ে সগ্যে যাচ্ছে!” — কথাটি বলেছে—

অ) কাঙালি আ) কাঙালির মা ই) রসিক বাঘ ঈ) ঠাকুরদাসের ছেলে।

II) নীচের প্রতিটি প্রশ্নের এক একটি পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও :

1 x 12 = 12

১১। “চিরশিশু করে আর রাখিয়ো না ধরে।” — কাদের উদ্দেশ্যে একথা বলা হয়েছে?

১২। সাত কোটি সন্তানের জননী কে?

১৩। 'বঙ্গমাতা' কবিতাটির কবির নাম কী?

১৪। দৈবের নির্বন্ধে ঘোড়া কোন দিকে গেল?

১৫। ঘোড়া দেখে কোন দু'জন 'হরষিত' হলো?

১৬। কে সত্য পালন করে স্বর্গবাসে গেলেন?

১৭। 'অচেনার আনন্দ' রচনাটি কোন উপন্যাসের অংশ?

১৮। অপু তার বাবার সঙ্গে কোথায় যাচ্ছিল?

১৯। রেলগাড়ি কখন আসবে?

২০। ‘অভাগীর স্বর্গ’ ছোটোগল্পটি কার রচিত?

২১। ঘন্টা দুয়েকের অভিজ্ঞতায় কে একেবারে ‘বুড়ো’ হয়ে গিয়েছিল?

২২। “ইস। ছেলের হাতের আঙুন —রথকে যে আসতেই হবে।”— এই বিশ্বাসটি কার?

২৩। সন্ধি বিচ্ছেদ করো :

1 x 3 = 3

শীতার্ভ, অচলায়তন, সচ্চরিত্র

২৪। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো:

1 x 3 = 3

ব্যক্তিগত, রান্নাঘর, লব-কুশ

২৫। একটি পদে পরিণত করো :

1 x 2 = 2

ঈশ্বরে বিশ্বাস আছে যার, দুই হাত সমানে চলে যার।

III) সংক্ষেপে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

2 x 5 = 10

২৬। “জয়পত্র দেখি দুই ভাই কোপে জ্বলে।”

— কথাটির প্রসঙ্গে উল্লেখ করো।

২৭। “রেখেছে বাঙালি করে— মানুষ করণি।”

— কবি এমন কথা বলেছেন কেন?

২৮। “মা টের পেলে কিন্তু পিঠের ছাল তুলবে।”

— পিঠের ছাল তোলার কারণ সংক্ষেপে বুঝিয়ে দাও।

২৯। “অপুকে অবশেষে জল— ভরা চোখে বাবার পিছনে পিছনে অগ্রসর হইতে হইল।”

— অপূর এমন আচরণের কারণ কী?

৩০। “মরণকালে তাহদরাকে সে শুধু একটু পায়ের ধূলা দিতে গিয়া কাঁদিয়া ফেলিল।”

— উদ্দিষ্ট ব্যক্তির কেঁদে ফেলার কারণ সংক্ষেপে আলোচনা করো।